



নং- ১৯.০১.৩৪০১.৪০০.৯৮. ০০৩. ২০২১

তারিখঃ ১৬ জুন ২০২১ খ্রি”

## বার্সেলোনায় কনস্যুলার সার্ভিস প্রদান বিষয়ক বিজ্ঞপ্তি

বার্সেলোনা ও তার পার্শ্ববর্তী এলাকাসমূহে বসবাসরত সম্মানিত প্রবাসি বাংলাদেশীদের জানানো যাচ্ছে যে, আগামী ০৩ জুলাই শনিবার এবং ০৪ জুলাই রবিবার বার্সেলোনায় কনস্যুলার সার্ভিস প্রদান করা হবে।

সেবা প্রদানের স্থান: Avda. Josep Tarradellas, 134 Bajos; 08029 Barcelona.

০২। ৬০২৫৬২৫২০ নম্বরে WhatsApp এ লিখিত ম্যাসেজ পাঠিয়ে (ফোন/ভয়েস রেকর্ডিং করে নয়) এই এপয়েন্টমেন্ট (ছিতা) অগ্রিম গ্রহণ করতে হবে।

### = ছিতা (এপয়েন্টমেন্ট) গ্রহণের নিয়মাবলী =

- ১৬ জুন হতে ২৩ জুন (রাত ১০.০০ ঘটিকা পর্যন্ত) পর্যন্ত এপয়েন্টমেন্ট (ছিতা) গ্রহণের জন্য মাত্র একটি ম্যাসেজ প্রদান করা যাবে। (একই চিতার জন্য বিভিন্ন নাম্বার থেকে ম্যাসেজ দিলে ছিতা বাতিল বলে গণ্য হবে)।
- ২৩ জুন রাত ১০.০০ ঘটিকার মধ্যে ম্যাসেজ প্রদান করার শেষ সময়। এর পরে আর কোন এপয়েন্টমেন্ট (ছিতা) প্রদান করা হবে না। ২৩ জুনের মধ্যে ম্যাসেজ প্রদান করে যদি কেউ এপয়েন্টমেন্ট (ছিতা) না পান তাহলে ২৪ জুন সকাল ১২.০০ ঘটিকা পর্যন্ত পুনরায় ম্যাসেজ প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- পাসপোর্ট ডেলিভারি নেয়ার ক্ষেত্রে এনরোলমেন্ট (ESP100000.....) আইডি নম্বরটি ম্যাসেজে অবশ্যই উল্লেখ করতে হবে।
- পরিবারের (স্বামী/স্ত্রী/সন্তান) একাধিক সদস্যের ক্ষেত্রে একটি এপয়েন্টমেন্ট (ছিতা) নিলেই হবে। শিশুদের ক্ষেত্রে বাবা/মা এপয়েন্টমেন্ট (ছিতা) নিবেন।

কি কি কাজের জন্য এপয়েন্টমেন্ট (ছিতা) গ্রহণ করা যাবে ?	কি কি ডকুমেন্ট লাগবে?
১। পাসপোর্ট বিতরণ →	মূল ডেলিভারী স্লিপ, পুরাতন পাসপোর্ট, হারানো হলে লস্ট রিপোর্ট কপি, (স্বামী/স্ত্রী/সন্তান ব্যতীত একজনের পাসপোর্ট অন্যজনকে দেয়া হবে না)।
২। পাসপোর্ট রি-ইস্যু →	রি-ইস্যু ফরম, পাসপোর্ট এর প্রথম পাতার কপি, রেসিডেন্স কপি, পাসপোর্ট ফি
৩। ভিসার জন্য আবেদন →	অনলাইন ভিসা (NVR) আবেদন ফরম, ছবি ০২ কপি, বাংলাদেশী পাসপোর্ট ফটোকপি, (বাচ্চাদের হলে স্প্যানিশ জন্ম সনদ কপি ও পিতা-মাতার পাসপোর্ট কপি), ভিসা ফি
৪। ছয় (০৬) বছরের কম বয়সী বাচ্চাদের পাসপোর্টের আবেদন গ্রহণ →	অনলাইন পাসপোর্ট আবেদন ফরম, বাচ্চার ছবি (একটি ছোট, একটি বড়), পিতা-মাতার ছবি ও পাসপোর্ট কপি, বাংলাদেশী জন্ম সনদ কপি, স্প্যানিশ জন্মসনদ কপি, পাসপোর্ট ফি
৫। স্পেনে জন্মগ্রহণকারীর বাচ্চার জন্য জন্মসনদ→	অনলাইন জন্মসনদ আবেদনপত্র, পিতা মাতার জন্মসনদ কপি, পিতা মাতার পাসপোর্ট কপি, স্প্যানিশ জন্মসনদ কপি, বাচ্চার ছবি, ফি
৬। কাগজপত্র/পাওয়ার অব এ্যাটর্নি সত্যায়ন→	সংশ্লিষ্ট মূল কাগজপত্র, সত্যায়ন ফি, (প্রয়োজ্য ক্ষেত্রে দুইজন স্বাক্ষী ও প্রয়োজনীয় কাগজপত্র)
৭। সার্টিফিকেট →	সার্টিফিকেটের আবেদন ও বাংলাদেশী পাসপোর্টের ফটোকপি, সার্টিফিকেট ফি
৮। পুলিশ ক্রিম্যারেস আবেদনপত্র সত্যায়ন→	আবেদনপত্র ০৩ কপি, পাসপোর্টের প্রথম পাতার ফটোকপি ০৩ কপি, ছবি ০৬ কপি, ফি
৯। ট্রাভেল পারমিট→	ট্রাভেল পারমিট ফরম, পাসপোর্টের ফটোকপি, ০৪ কপি ছবি, পুলিশ রিপোর্ট (হারানো পাসপোর্ট হলে)।
১০। কল্যাণ বোর্ডের সদস্যপদ আবেদন গ্রহণ→	অনলাইন ফরম, পাসপোর্টের কপি, রেসিডেন্স কার্ড কপি, ০২ কপি ছবি, ফি ৪০ ইউরো

০৩। সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত এপয়েন্টমেন্টের সময়ের ১০ মিনিট পূর্বেই উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। উপস্থিত হয়ে ছিতার সিরিয়াল নাম্বার বলতে হবে। দূতাবাস থেকে প্রদানকৃত ছিতার সময় পরিবর্তন করা যাবে না এবং নির্ধারিত সময়ে কেউ না আসলে ছিতা বাতিল মর্মে গণ্য হবে।

০৪। বিদ্যমান করোনা ভাইরাস প্রতিরোধে সেবা গ্রহণকারীদের যথাযথ মাস্ক পরিধান করে, ভীড় পরিহার করে যথাযথ নিরাপত্তা ও শৃঙ্খলা অনুসরণ করে সেবা গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। কনস্যুলার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

